NYC Public Schools

# NYC পাবলিক স্কুলস্-এ কী ঘটছে

Shiko këtë dokument në shqip | عرض هذه الوثيقة باللغة العربية | এই নথিটি বাংলা ভাষায় দেখুন
查看本文件的简体中文版本 | 查看本文件的繁體中文版本 | Consultez ce document en français | Gade dokiman sa a an Kreyòl ayisyen
이 문서를 한국어로 보십시오 | Документ на русском языке | Consulte este documento en español
Переглянути цей документ українською мовою | اس دستاویز کو اردو میں ملاحظہ کریں | Ushbu hujjatni ichida ko'ring O'zbek

schools.nyc.gov/MessagesForFamilies

## মার্চ 2026

সামার রাইজিং 2026, হাই স্কুলে ভর্তির ফল (হেমন্ত) 2026-এর হাই স্কুলের অফার, প্যারেন্ট-টিচার কনফারেন্স (PTC), সিভিকস্ উইক, এবং 2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ সম্পর্কে এই পরিবারের জন্য সর্বসাম্প্রতিক-তথ্য গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

---

## বিষয়সূচি


- সামার রাইজিং 2026
- ফল (হেমন্ত) 2026-এর হাই স্কুলে ভর্তির অফার
- প্যারেন্ট-টিচার কনফারেন্স
- সিভিকস্ উইক
- 2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ


---

## সামার রাইজিং 2026

2026 সালে সামার রাইজিং অফার করতে NYCPS ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট-এর (DYCD) সাথে অংশীদারিত্ব করছে। সামার রাইজিং এলিমেন্টারি এবং মিডল্ স্কুলের শিক্ষার্থীদেরকে আনন্দদায়ক, হাতে-কলমে অভিজ্ঞতার সাথে সংযুক্ত করার মাধ্যমে তাদের শিক্ষায়তনিক, সামাজিক, এবং মানসিক দক্ষতাসমূহ বলিষ্ঠ করে। সামার রাইজিং **বিনা খরচে** দেয়া হয়, এবং বর্তমান কিন্ডারগার্টেন থেকে অষ্টম (৪) গ্রেডের যেকোনো NYC শিক্ষার্থীর জন্য উন্মুক্ত। 3 মার্চ যখন আবেদন গ্রহণ শুরু হবে তখন প্রোগ্রামের তারিখ এবং সময় সংক্রান্ত আরও তথ্য schools.nyc.gov/SummerRising -এ শেয়ার করা হবে।

সামার রাইজিং DYCD কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBO) দ্বারা আয়োজিত NYCPS-পরিচালিত শিক্ষায়তনিক ও সমৃদ্ধিমূলক কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করে। বিনামূল্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ প্রদান করা হয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/SummerRising দেখুন।

### মাইস্কুলস্-এ সামার রাইজিং-এর আবেদন

আবেদন **3 মার্চ–27 মার্চ, 2026** পর্যন্ত উন্মুক্ত। আবেদন করতে, আপনার ইতোমধ্যে একটি থেকে থাকলে আপনার MySchools.nyc অ্যাকাউন্ট-এ লগ ইন করুন, অথবা একটি তৈরি করতে ব্যবহার করুন আপনার ইমেইল ঠিকানা, আপনার সন্তানের নয়-রাশির শিক্ষার্থী আইডি (স্টুডেন্ট ID) নম্বর, এবং তার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড যা আপনি আপনার সন্তানের স্কুলের কাছ থেকে সংগ্রহ করতে পারেন। আপনি সামার (গ্রীষ্ম) অথবা শিক্ষা বছরের প্রোগ্রামের জন্য মাইস্কুলস্ ব্যবহার করে থাকলে, আপনার সন্তান হয়তো ইতোমধ্যেই আপনার অ্যাকাউন্টে যোগ হয়েছে। লক্ষ্য করবেন যে মাইস্কুলস্ আপনার NYCSA অ্যাকাউন্ট থেকে ভিন্ন।

পরিবারেরা তাদের আবেদনপত্রে কতগুলো প্রোগ্রাম যোগ করতে পারে তাতে কোনও সীমাবদ্ধতা নেই। বেশি প্রোগ্রাম যোগ করা আপনার পছন্দের প্রোগ্রামে সুযোগ পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি করে।

এই প্রক্রিয়া আগে আসলে আগে পাবেন ভিত্তিতে **নয়**; সময়সীমার মধ্যে গৃহীত সব আবেদনকে ভর্তি প্রক্রিয়ার অগ্রাধিকারের ভিত্তিতে সমান মর্যাদা দেয়া হবে। আপনি আবেদনের সময়সীমার মাঝে যেকোনো সময় আপনার আবেদনপত্র পরিবর্তন করতে পারেন। আরও প্রশ্ন থাকলে, schools.nyc.gov/SummerRising দেখুন অথবা আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

### ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

যেসব শিক্ষার্থী 12-মাস/দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) স্পেশাল ক্লাস, নেস্ট, অথবা হরাইজন প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ করছে, তারা তাদের IEP-এ সুপারিশকৃত পরিষেবাগুলো ESY, ডিস্ট্রিক্ট 75 (D75), নেস্ট, অথবা হরাইজন সামার প্রোগ্রাম সাইটে পাবে।

যেসব পরিবার সামার রাইজিং-এর মাধ্যমে 12-মাসের IEP প্রোগ্রাম (এতে অন্তর্ভুক্ত ESY, D75, নেস্ট এবং হরাইজন) এবং দীর্ঘায়িত-দিবস বা এক্সটেন্ডেড ডে CBO-পরিচালিত সমৃদ্ধি লাভের আশা করছেন, তাদের মাইস্কুলস্ ব্যবহার করে আবেদন করা উচিত। সুনির্দিষ্ট নির্দেশাবলী মাইস্কুলস্-এ দেয়া হবে।

যদি আপনার সন্তান শুধুমাত্র নেস্ট অথবা হরাইজন-এ (12 p.m. পর্যন্ত), D75 (2:30 p.m. পর্যন্ত), অথবা ESY প্রোগ্রামে (2:00 p.m. পর্যন্ত) অংশগ্রহণ করে, এবং আপনি চান না আপনার সন্তান দীর্ঘায়িত দিবসের সমৃদ্ধিতে অংশগ্রহণ করুন, তাহলে আপনার আবেদন করতে মাইস্কুলস্ ব্যবহার না করে তার স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

---

## ফল (হেমন্ত) 2026-এর হাই স্কুলে ভর্তির অফার

আপনার সন্তান 2026-এর ফল-এর (হেমন্তের) জন্য 3 ডিসেম্বর, 2025-এর সময়সীমার মধ্যে হাই স্কুলে আবেদন করে থাকলে আপনি **5 মার্চ, 2026**-এর মধ্যে তার ভর্তির অফার পাবেন। অফার ও অপেক্ষা-তালিকার আসন (প্রযোজ্য হলে) দেখার পাশাপাশি পরবর্তী পদক্ষেপসমূহ সম্পর্কে তথ্য দেখতে আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্টে লগ ইন করুন। কীভাবে অফার প্রদান করা হয়, তা জানতে, schools.nyc.gov/HS দেখুন।

---

## প্যারেন্ট-টিচার কনফারেন্স

মার্চের প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলো (PTC) হলো আপনার সন্তানের অগ্রগতি এবং তাকে বাড়িতে সহায়তা দানের উপায় নিয়ে তাদের শিক্ষকদের সাথে আলোচনার একটি বড় সুযোগ। PTC-গুলো এই শিক্ষা বছরে দূর থেকে (রিমোট) হবে, তবে সশরীরে অংশগ্রহণের সুযোগও থাকতে পারে। অনুরোধ সাপেক্ষে অনুবাদ এবং দোভাষী সেবার ব্যবস্থাও রয়েছে। PTC-এর তারিখ স্কুলের উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন হতে পারে; আপনার সন্তানের শিক্ষক আপনার PTC-এর সময়সূচি তৈরিতে সহায়তা করবেন। আরও পথ-নির্দেশনার জন্য schools.nyc.gov/ptc দেখুন।

- **বৃহস্পতিবার, 5 মার্চ:** এলিমেন্টারি স্কুল এবং প্রি–K সেন্টারগুলোর জন্য দুপুরের ও সান্ধ্যকালীন কনফারেন্স
- **বৃহস্পতিবার, 12 মার্চ:** মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য দুপুরের ও সান্ধ্যকালীন কনফারেন্স
- **বুধবার, 18 মার্চ:** হাই স্কুল শিক্ষার্থীবৃন্দ, K-12, এবং 6–12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **বৃহস্পতিবার, 19 মার্চ:** হাই স্কুল, K-12, এবং 6–12 স্কুলগুলোর জন্য দুপুরের PTC

---

## সিভিকস্ উইক

9–13 মার্চ, সিভিকস্ উইক-এ (নাগরিক সচেতনতা সপ্তাহ) আমাদের সাথে যোগ দিন যা তারুণ্যের কণ্ঠ, নাগরিক ক্ষমতায়ন, এবং ভোটার রেজিস্ট্রেশনের মাধ্যমে উদযাপন করে। schools.nyc.gov/CivicsForAll আরও জানুন এবং আমাদের 'সিভিকস্ ফর অল' কমিকস্ সিরিজ দেখুন।

---

# 2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ

**1 এপ্রিল, 2026-এর মধ্যে** বার্ষিক **NYC স্কুল সংক্রান্ত জরিপটি** পূরণ করুন! NYCPS-এর 6–12 গ্রেডের সকল পরিবার ও শিক্ষার্থী আমাদের স্কুলে আপনাদের অভিজ্ঞতার উপর সরাসরি মতামত জানাতে পারেন, যা শিক্ষা পরিবেশ, পাঠ্যক্রম, সহায়তা পরিষেবা, এবং আরও বিভিন্ন বিষয়ে উন্নতিতে আমাদেরকে সহায়তা করে। আপনার জরিপ আজই ডাকযোগে, অথবা অনলাইনে NYCSchoolSurvey.org-এ লভ্য 13-টি ভাষার যে কোনোটিতে, অথবা SchoolsAccount.nyc-এ আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করে জমা দিন।